মেহেরপুর পৌরসভাসহ ৪ টি ইউনিয়নে এক যোগে ভোট গ্রহণ শুরু

মেহেরপুর পৌরসভাসহ ৪ টি ইউনিয়নের সাধারণ নির্বাচন ৬৩ টি ভোট কেন্দ্রে এক যোগে শুরু হয়েছে।
সকাল ৮ টার সময় ৬৩টি ভোট কেন্দ্রে এক যোগে ভোট গ্রহণ শুরু হয়েছে।মেহেরপুর পৌরসভাসহ ৪ টি ইউনিয়নের ১ লাখ ২৪ হাজার ৯৮৮ জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন।
মেহেরপুর পৌরসভার মেয়র প্রার্থী মাহফুজুর রহমান রিটন ১ নং ওয়ার্ডের নতুনপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে সকাল ৮ টার সময় ভোট দেন। অপর প্রার্থী স্বতন্ত্র প্রার্থী মোতাচ্ছিম বিল্লাহ মতু ৭ নং ওয়ার্ড সরকারী বালক উচ্চ বিদ্যালয় ভোট কেন্দ্রে ভোট প্রদান করেন।
মেহেরপুর পৌরসভায় ২ জন মেয়রসহ ৪ টি ইউনিয়নে ২০ জন চেয়ারম্যান, ২১৩ জন সাধারণ কাউন্সিলর ও সাধারণ সদস্য, ৬৬ জন সংরক্ষিত নারী কাউন্সিলর ও সাধারণ সদস্য পদে নির্বাচনী প্রতিদ্বন্দ্বীতা করছেন। সকাল থেকেই নারী ভোটারদের উপস্থিতি ভাল।মেহেরপুর পৌরসভায় সবগুলো কেন্দ্রে ইলেকট্রনিক ভোটিং মেশিনে (ইভিএম) এ ভোটগ্রহণ অনুষ্ঠিত হচ্ছে বলে জানান মেহেরপুর জেলা নির্বাচন অফিসার আবু আনছার।